[Mail Copy]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd

স্মারক নং- ০৭.০৩.০০০০.০০৯.৫০.৮১০.২১-১৫৩ তারিখঃ ১৪-১১-২০২২খ্রিঃ।

## অফিস আদেশ

বেতন স্কেল আপগ্রেড, পদ আপগ্রেড, দক্ষতা জনিত ইনক্রিমেন্ট আদালতের রায় বাস্তবায়ন, টাইমস্কেল, সিলেকশন গ্রেড, উচ্চতর গ্রেড, উন্নয়ন থেকে রাজস্বখাতে স্থানান্তরের বেতন নির্ধারণের বিষয়ে সিজিএ কার্যালয়ের ২০/১১/২০১৯খ্রিঃ তারিখের অফিস আদেশ নং-৪২০ এবং ১১/০৪/২০২২খ্রিঃ তারিখের অফিস আদেশ নং-৫৭ জারি করা হলেও উক্ত আদেশ সঠিকভাবে পালন করা হচ্ছে না এবং আদেশের বিষয়বস্তু ভুল ভাবে বিশ্লেষণ করে সিজিএ কার্যালয়ে সিদ্ধান্ত চাওয়া হচ্ছে।

বেতন স্কেল আপগ্রেড, পদ আপগ্রেড, আদালতের রায় বাস্তবায়ন ও তদানুযায়ী টাইমস্কেল/সিলেকশন গ্রেড/উচ্চতর গ্রেড, উন্নয়ন থেকে রাজস্বখাতে স্থানান্তরের বেতন নির্ধারণ এবং তদানুযায়ী টাইমস্কেল/সিলেকশন গ্রেড ইত্যাদি প্রদানের বিষয়ে নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলোঃ

- স্ব-স্ব মন্ত্রণালয়ের সিএএফও কার্যালয় কর্তৃক বেতন নির্ধারণের পদ্ধতি উল্লেখপূর্বক পৃষ্ঠাংকন করবেন। অর্থাৎ বেতন নির্ধারণের পদ্ধতি উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট সিএএফও/কার্যালয় কর্তৃক পৃষ্ঠাংকন সম্পাদিত হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে বিধি ও পদ্ধতি সংক্রান্ত সিদ্ধান্তমূলক কেইস বিধি বিধানের উল্লেখপূর্বক সুনির্দিষ্ট মতামতসহ কেইসের সহিত সম্পৃক্ত (বিধি-বিধানের কপি) আদেশের কপি এবং কাগজাদি সংযুক্তি নিশ্চিত করে সিদ্ধান্তের জন্য সিজিএ কার্যালয়ে পদ্ধতি শাখায় প্রেরণ করা যেতে পারে। উল্লেখ্য, শুধুমাত্র পৃষ্ঠাংকনের অনুমোদনের জন্য এ কার্যালয়ের পত্র প্রেরণের আবশ্যিকতা নেই।
- সংশ্লিষ্ট সিএএফও/কার্যালয় কর্তৃক পৃষ্ঠাংকনকৃত আদেশের ভিত্তিতেই পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গৃহীত হবে এবং সে অনুযায়ী সকল বিভাগীয়/ডিএএফও/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাগণকে বেতন নির্ধারণ সংক্রান্ত নির্দেশনা সঠিকভাবে অনুসরণপূর্বক বেতন নির্ধারণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

০২।। বর্ণিত অবস্থায়, সিজিএ কার্যালয়ের ২০/১১/২০১৯খ্রিঃ তারিখের অফিস আদেশ নং-০৭.০৩.০০০০.০০৯.৫০.১৩৩.১৪-৪২০ (কপি সংযুক্ত) এবং ১১/০৪/২০২২খ্রিঃ তারিখের নং-০৭.০৩.০০০০.০০৯.৫০.১৩৩.১৪-৫৭ (কপি সংযুক্ত) এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য সকল সিএএফও, ডিসিএ, ডিএএফও এবং ইউএও অফিসসমূহকে আদিষ্ট হয়ে নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্তিঃ ০২ (দুই) পাতা।

14.11.22
(জোহরা তারা বেগম)
অতিঃ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি) (অঃ দাঃ)
ফোনঃ ৮৩৯১০৯৫।

স্মারক নং- ০৭.০৩.০০০০.০০৯.৫০.৮১০.২১-১৫৩ তারিখঃ১৪-১১-২০২২খ্রিঃ।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল) [ তার অধীনস্থ অফিসসমূহকে জানানোর অনুরোধ করা হলো]।
৩। ডিসিজিএ -প্রশাসন/হিসাব/বিধি ও পদ্ধতি/দক্ষতা ও শৃঙ্খলা/আইসিইউ।
৪। পিএটু-সিজিএ/অতিঃসিজিএ (প্রশাসন), অতিঃসিজিএ (হিসাব ও পদ্ধতি)।
৫। অফিস কপি/গার্ড ফাইল।

১৪.১১.২২
(মোঃ জাকির হোসেন)
উপ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)
ফোনঃ ৮৩৯২৬১৩।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd

নং- ০৭.০৩.০০০০.০০৯.৫০.১৩৩-১৪-৫৭

২৮ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ
তারিখ:----------------------
১১-০৪-২০২২ খ্রিষ্টাব্দ

# অফিস আদেশ

সিজিএ কার্যালয়ের ২০-১১-২০১৯ খ্রি: তারিখের ০৭.০৩.০০০০.০০৯.৫০.১৩৩.১৪-৪২০ নং অফিস আদেশের মাধ্যমে সিজিএ কার্যালয়ের নিয়ন্ত্রনাধীন সকল হিসাবরক্ষণ অফিসে একই বিষয়ে বেতন নির্ধারনে সমতা আনয়নের লক্ষ্যে নির্দেশ জারী করা হলেও উক্ত আদেশ সঠিকভাবে পরিপালন করা হচ্ছে না মর্মে জানা গেছে। বিষয়টি মোটেই কাম্য নয়।

এমতাবস্থায়, বেতন স্কেল আপগ্রেড, পদ আপগ্রেড, দক্ষতা জনিত ইনক্রিমেন্ট, আদালতের রায় বাস্তবায়ন, টাইম স্কেল, সিকেলশন গ্রেড, উচ্চতর গ্রেড, উন্নয়ন থেকে রাজস্ব খাতে স্থানান্তরের বেতন নির্ধারণ ইত্যাদি স্ব স্ব মন্ত্রনালয়ের সি এ এফ ও কার্যালয় কর্তৃক বেতন নির্ধারণের পদ্ধতিসহ পৃষ্ঠাংকন করার পর সকল বিভাগীয় /ডিএএফও/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাগণকে বেতন নির্ধারণ সংক্রান্ত নির্দেশনা সঠিকভাবে অনুসরণ পূর্বক বেতন নির্ধারণ করার জন্য পুনরায় অনুরোধ করা যাচ্ছে এ আদেশ লঙ্ঘন করে কোন কর্মকর্তার বিরুদ্ধে ভু-া বেতন নির্ধারণের প্রমাণ পাওয়া গেলে তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহন করা হবে। হিসাব মহানিয়ন্ত্রক মহোদয়ের সদয় অনুমোদক্রমে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১১/৪/২০২২
(ফাতেমা ইয়াসমিন)
অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)
ফোনঃ ৯৩৬০৮৫৯।

নং- ০৭.০৩.০০০০.০০৯.৩৭.১৪৪.১৫(খন্ড-২)-

তারিখ: ১১-০৪-২০২২খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সিএএফও (সকল) ।
২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
৩। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৪। উপজেলা হিসাবরক্ষণ অফিসার (সকল)।
৫। ডিসিজিএ- প্রশাসন-১/প্রশাসন-২/হিসাব/পদ্ধতি/দক্ষতা ও শৃঙ্খলা/আইসিইউ
৬। পিএটু-সিজিএ/অতি:সিজিএ(প্রশাসন),অতি:সিজিএ (হিসাব ও পদ্ধতি)।
৭। অফিস কপি ।
৮। গার্ড ফাইল ।

(মোঃ জাকির হোসেন)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)
ফোনঃ [illegible]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd

স্মারক নং- ০৭.০৩.০০০০.০০৯.৫০.১৩৩.১৪-৪২০ তারিখঃ ২০-১১-২০১৯ খ্রিঃ।

## অফিস আদেশ

স্কেল আপগ্রেড, পদ আপগ্রেড, দক্ষতা জনিত ইনক্রিমেন্ট, আদালতের রায় বাস্তবায়ন ইত্যাদি ক্ষেত্রে বিভিন্ন হিসাবরক্ষণ অফিস হতে বিভিন্ন ধরণের বেতন নির্ধারণ হচ্ছে মর্মে জানা গেছে। একটি নির্দিষ্ট কেইসে সকল হিসাবরক্ষণ অফিস হতে একই ধরণের বেতন নির্ধারণ নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ-

সিজিএ কার্যালয়ের আওতাধীন সকল প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, সকল বিভাগীয়/জেলা/ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় কর্তৃক বেতন নির্ধারণে সমতা আনয়নের লক্ষ্যে সকল বেতন নির্ধারণ সংক্রান্ত আদেশাবলী সিজিএ কার্যালয়ের পদ্ধতি শাখার সম্মতির পর স্ব স্ব মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় কর্তৃক পৃষ্ঠাংকন হওয়া প্রয়োজন। পৃষ্ঠাংকনকৃত আদেশের ভিত্তিতেই পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গৃহীত হবে।

এ বিষয়ে সকল প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সকল বিভাগীয়/জেলা/ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাগণকে বেতন নির্ধারণ সংক্রান্ত নির্দেশনা কঠোরভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২০/১১/২০১৯
(ফাতেমা ইয়াসমিন)
অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)
ফোন: ৯৩৪৫৭৫৮।

স্মারক নং- ০৭.০৩.০০০০.০০৯.৫০.১৩৩.১৪-৪২০(৮) তারিখঃ ২০-১১-২০১৯ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা-১০০০। [ দৃ:আ: এডিসিএজি (পদ্ধতি)]
২। প্রধান হিসাবরক্ষন কর্মকর্তা (সকল) ।
৩। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস-ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/।
৪। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৫। উপজেলা হিসাবরক্ষন কর্মকর্তা (সকল)।
৬। ডিসিজিএ - প্রশাসন, হিসাব/পদ্ধতি/দক্ষতা ও শৃঙ্খলা/আইসিটি।
৭। পিএটু-সিজিএ/অতিঃসিজিএ (প্রশাসন), অতিঃসিজিএ (হিসাব ও পদ্ধতি)।
৮। অফিস কপি/গার্ড ফাইল।

(কামরুন নাহার)
উপ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)
ফোনঃ ৯৩৫৬৫০১।